FACTSHEET

দাবীত্যাগঃএই তথ্যপত্রটি কেবল শিক্ষামূলক উদ্দেশ্যে তৈরি করা হয়েছে। ইংরেজি থেকে সঠিক অনুবাদ করার জন্য সর্বাত্মক চেষ্টা চালানো হলেও ভাষার অনুবাদ একটি খুবই জটিল কাজ, আর তাই পৃথক পৃথক অনুবাদে ভুল থাকতেই পারে। আপনার সন্তানের জন্য এই তথ্যটি উপযোগী কিনা তা যাচাই এর জন্য অনুগ্রহ করে আপনার ডাক্তার কিংবা অন্যান্য পেশাদার স্বাস্থ্যকর্মীদের সাথে পরামর্শ করুন।

CPAP ভেনটিলেশন
CPAP Ventilation

CPAP কী?
What is CPAP?

শ্বাসনালীতে বিরতিহীন ইতিবাচক চাপ (Continuous Positive Airway Pressure - CPAP) হল এক ধরণের শ্বাসপ্রশ্বাস সংক্রান্ত সহায়ক থেরাপি যা শ্বাসনালীতে বাধা দূর করে। এই প্রক্রিয়ায় একটি CPAP মাস্ক এবং মেশিন ব্যবহৃত হয়। CPAP মেশিন ঘুমানোর সময় শ্বাসনালীকে খুলে রাখতে বায়ুচাপ ব্যবহার করে।



আপনার শিশুকে কেন CPAP ব্যবহার করতে হবে?
Why does your child need CPAP?

আপনার ডাক্তার আপনাকে বলেছে যে আপনার সন্তানের অবস্ট্রাকটিভ স্লিপ অ্যাপনিয়া (Obstructive Sleep Apnoea - OSA) নামক শ্বাসপ্রশ্বাসজনিত ব্যাধি আছে। OSA এর লক্ষণগুলোর মধ্যে রয়েছে নাক ডাকা, থেমে থেমে শ্বাস নেওয়া, রাতের বেলায় হাঁটা, বিছানায় প্রস্রাব করা, দুর্বল মনোযোগ এবং দুরন্তপনা। OSA বিভিন্ন কারণে হতে পারে, যেগুলোর মধ্যে রয়েছে বৃহদাকার টনসিল এবং গলরসগ্রন্থি, মুখের টাকরা কাটা, পেশীর দুর্বলতা, ওজন বেড়ে যাওয়া, শ্বাসনালী সংকীর্ণ হয়ে যাওয়া কিংবা ফুসফুসের রোগ। এই কারণে প্রতিবার ঘুমানোর সময় (দিবানিদ্রা সহ) আপনার শিশুকে CPAP ব্যবহার করতে হবে।

CPAP ব্যবহার করলে শ্বাসনালী খুলে যায়, যার ফলে নাক ডাকা বন্ধ হয়ে যায় এবং শ্বাসপ্রশ্বাস স্বাভাবিক হয়ে আসে। স্বাভাবিক শ্বাসপ্রশ্বাস গুরুত্বপূর্ণ কারণ এটি অক্সিজেন সরবরাহে এবং কার্বন ডাই অক্সাইড ত্যাগে সহায়তা করে।

the children's hospital at Westmead
The Sydney children's Hospitals Network

© The Children's Hospital at Westmead, Sydney Children's Hospital, Randwick and Kaleidoscope Children, Young People and Families.

আমরা কী করব?
What will we do?

যখন এই সিদ্ধান্ত নেওয়া হবে যে আপনার শিশুর CPAP দরকার, তখন আপনি ক্লিনিক্যাল নার্স কনসালটেন্ট, কিংবা রেস্পিরেটরি সাপোর্ট সার্ভিসের বৈজ্ঞানিক কর্মকর্তা, অথবা স্লিপ ইউনিট এর একজন সদস্যের সাথে সাক্ষাত করবেন।

এই সাক্ষাতের সময় আপনার শিশুকে একটি CPAP মাস্ক লাগিয়ে দেওয়া হবে। CPAP চিকিৎসা শুরুর আগে আপনার শিশুকে এই মাস্কটি পরায় অভ্যস্ত হতে হবে। আপনি মাস্কটি বাড়ীতে নিয়ে যাবেন এবং পরবর্তী কয়েক দিন অল্প সময়ের জন্য আপনার শিশুকে মাস্কটি পরার জন্য উৎসাহিত করবেন। আপনার শিশুর জেগে থাকা কিংবা ঘুমিয়ে থাকা যেকোনো সময় আপনি এটি করতে পারেন, কারণ উদ্দেশ্য হল যে আপনার শিশু যাতে মাস্কটি ব্যবহারে ভয় না পায় তা নিশ্চিত করা।

চিকিৎসা শুরুর আগে আমরা তার মুখের হাড়গুলোর একটি ত্রিমাত্রিক ছবি নেব। এটি আমাদেরকে হাড়গুলোর বৃদ্ধি পর্যবেক্ষণে এবং মাস্কটি যাতে উপরের পাটির দাঁতের উপর চাপ সৃষ্টি না করে তা নিশ্চিত করতে সাহায্য করবে। ক্রমাগত মাস্ক ও চাপ চিকিৎসার সাথে সাথে প্রতি ২-৩ বছর অন্তর এই ত্রিমাত্রিক ছবি আবার নিতে হবে।

আপনার শিশু যখন মাস্কটি পরতে স্বাচ্ছন্দ্য বোধ করবে, তখন বৈজ্ঞানিক কর্মকর্তার সাথে যোগাযোগ করুন এবং আমরা তখন CPAP আরম্ভ করতে হাসপাতালে ভর্তির জন্য আপনাকে বুক করতে পারব। হাসপাতালে থাকতে হবে প্রায় ৩-৪ রাত। এই সময়ে টিম আপনার শিশুর জন্য সবচেয়ে ভাল প্রেসার সেটিং খুঁজে বের করবে এবং আপনাকে CPAP এর উপর শেখানো হবে। এই সময়ে আপনাকে বাড়ীর জন্য সবগুলো CPAP সরঞ্জাম ভাড়া নিতে হবে।

যেসকল শিশু হাসপাতালের কাছাকাছি থাকে তারা আমাদের হোম নার্সদের সহায়তায় তাদের বাড়িতেই CPAP শুরু করতে পারে।

আপনি কীভাবে মাস্ক এবং মেশিনটি পাবেন?
How do you get the mask and machine?

আপনার বাচ্চাকে যখন প্রথমবার CPAP লাগানো হবে তখন আপনি Westmead চিলড্রেনস হাসপাতালে মাস্ক এর জন্য একটি ফি দেবেন। এই ফি এককালীন ১০০ ডলার যা (জরুরী বিভাগের পাশে) ক্যাশিয়ারকে দিতে হবে। ৬ মাসের কম বয়সী বাচ্চা ছাড়া যেকোনো বাড়তি মাস্ক অবশ্যই খুচরা বিক্রয় কেন্দ্র থেকে কিনতে হবে। একটি মাস্কের খুচরা মূল্য ২৫০ – ৩০০ ডলার। আমরা আপনাকে খুচরা বিক্রয় কেন্দ্র থেকে ভবিষ্যতে মাস্ক কেনার জন্য প্রয়োজনীয় বিস্তারিত তথ্য দেব।

চিলড্রেনস হাসপাতালে অল্প কিছু CPAP মেশিন আছে। এই কারণে আপনাকে মেশিনটি ভাড়া কিংবা কিনে নিতে হবে। অনেক বিক্রয় কেন্দ্রে এটি পাওয়া যায় এবং আপনাকে এই বিক্রয় কেন্দ্রগুলোর যোগাযোগের বিস্তারিত জানানো হবে। আপনার শিশুর কোন ধরণের মেশিন দরকার তার উপর ভিত্তি করে ভাড়ার খরচ ভিন্ন ভিন্ন হবে। আপনার যদি কোনো হেলথ কেয়ার কার্ড থাকে তাহলে আমাদের জানান, যাতে করে আমরা মেশিনটি কেনায় কিংবা অর্থ সাহায্যের যেকোনো আবেদনে সহায়তা করতে পারি।

আপনার শিশুকে কতদিন CPAP ব্যবহার করতে হবে?
How long will your child need to use CPAP?

যদি আপনার শিশুর স্লিপ অ্যাপনিয়া থাকে এবং সে সার্জারির অপেক্ষায় থাকে, (যেমন, গলরসগ্রন্থি ও টনসিল অপসারণ) তাহলে সার্জারির দিন পর্যন্ত স্বল্পমেয়াদী সমাধান হিসেবে তার CPAP ব্যবহারের দরকার হতে পারে। কিছু কিছু ক্ষেত্রে সার্জারিতে স্লিপ অ্যাপনিয়া ঠিক হয়ে যাবে এবং আর কখনও CPAP দরকার হবে না।

কিছু কিছু শিশুর সার্জারির পরও স্লিপ অ্যাপনিয়া থেকে যাবে এবং দীর্ঘমেয়াদি চিকিৎসা হিসেবে CPAP ব্যবহারের দরকার হবে। আমরা জানি কিছু কিছু শিশুর দীর্ঘমেয়াদি ভিত্তিতে CPAP ব্যবহারের দরকার হবে, কারণ তাদের ক্ষেত্রে সার্জারি চিকিৎসা বিকল্প নয়। এসব ক্ষেত্রে (স্লিপ ডাক্তারের পরামর্শ অনুযায়ী) আপনার শিশুকে প্রতি ৩-৬ মাস অন্তর তাদের স্লিপ/রেসপিরেটরি

© The Children's Hospital at Westmead, Sydney Children's Hospital, Randwick and Kaleidoscope Children, Young People and Families.

ডাক্তারের সাথে দেখা করার প্রয়োজন হবে। এছাড়াও প্রতি ৬ – ১২ মাস অন্তর আপনার শিশুর আরও ঘুমের ধরণ পর্যালোচনার প্রয়োজন হবে। বার বার ঘুমের ধরণ পর্যালোচনা আমাদেরকে ঘুমন্ত অবস্থায় আপনার শিশুর শ্বাসপ্রশ্বাসের অগ্রগতি এবং তার CPAP এর প্রয়োজনীয়তা পর্যবেক্ষণ করতে সাহায্য করবে।

অন্যান্য মন্তব্য
Other comments

যখন আপনার শিশুকে CPAP ব্যবহাররত অবস্থায় বাড়ী যেতে দেওয়া হবে, তখন আপনি Centrelink থেকে Essential Medical Equipment Payment' এর জন্য যোগ্য হবেন। এটি বাৎসরিক ১৪০ ডলার। Centrelink এ নিয়ে যাওয়ার জন্য আপনাকে এবং আপনার ডাক্তারকে একটি আবেদন পত্র পূরণ করতে হবে।

CPAP মেশিনের ভেতরে কোনো ব্যাটারি থাকে না। এ ব্যাপারে আপনাকে সচেতন থাকতে হবে, কারণ বিদ্যুৎ চলে গেলে এটি কাজ করা বন্ধ করে দেবে। আপনি একটি ১২ ভোল্টের ব্যাটারি কিনে নিতে পারেন এবং/অথবা আপনার বিদ্যুৎ সরবরাহকারী প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করতে পারেন। আপনার বিদ্যুৎ সরবরাহকারী প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করে তাদেরকে জানিয়ে দিতে পারেন যে আপনার পরিবারের একজন সদস্য CPAP মেশিন ব্যবহার করছে এবং বিদ্যুৎ চলে গেলে তারা যাতে আপনাকে 'অগ্রাধিকার তালিকায়' রাখে সেই অনুরোধ করতে পারেন। বিদ্যুৎ সরবরাহকারী প্রতিষ্ঠানকে জানিয়ে আপনি আপনার বিদ্যুৎ বিলের উপর ছাড় পাবার যোগ্যও হতে পারেন।

আপনার বাচ্চা যদি বাড়ীতে অসুস্থ হয়ে পড়ে?
What if your child becomes unwell at home?

যদি আপনার শিশু অসুস্থ হয়ে পড়ে এবং তাকে জরুরী বিভাগে আসার দরকার হয়, তাহলে আপনাকে সকল CPAP সরঞ্জাম সাথে নিয়ে আসতে হবে।

যদি আপনার বাচ্চা দ্রুত, শব্দ সহকারে শ্বাসপ্রশ্বাস নিতে থাকে কিংবা যদি মনে হয় যে তার শ্বাসপ্রশ্বাসে কষ্ট হচ্ছে তাহলে দেরি না করে আপনাকে একজন ডাক্তারের কাছে যেতে হবে।

যদি সমস্যা খুব গুরুতর হয় তাহলে হয়তো আপনি দেখবেন আপনার বাচ্চার ঠোঁটের চারপাশটি কালো হয়ে গেছে কিংবা সে থেমে থেমে শ্বাস নিচ্ছে। যদি এমন কিছু হয় তাহলে আপনার অ্যামবুলেন্স (000) ডাকা উচিৎ

যোগাযোগ করুন
Contacts

RSS বৈজ্ঞানিক কর্মকর্তা	(02) 9845 1851
RSS ক্লিনিক্যাল নার্স কনসালট্যান্ট	(02) 9845 2572
রেসপিরেটরি সাপোর্ট সার্ভিস	(02) 9845 3437
বায়োমেডিকেল ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট	(02) 9845 2602

ছবি ব্যবহারের জন্য কৃতজ্ঞতা স্বীকার

Philips Home Healthcare - গ্রাহক সেবায় যোগাযোগের নম্বর 1300 766 488

Devilbiss Healthcare Australia

মনে রাখবেনঃ
Remember:

- আপনার শিশুকে প্রতিবার ঘুমানোর সময় (দিন ও রাতে) CPAP ব্যবহার করতে হবে।
- আমরা হাসপাতালে CPAP শুরু করার আগে আপনার শিশুকে বাড়ীতে মাস্কটি ব্যবহারে অভ্যস্ত হতে হবে।
- আপনাকে CPAP মেশিন ভাড়া কিংবা কিনে নিতে হবে। আপনাকে অতিরিক্ত CPAP মাস্ক কিনে নিতে হবে।
- যেসকল বাচ্চা CPAP ব্যবহার করছে তাদেরকে পরবর্তীতে নিয়মিত স্লিপ ডাক্তারের সাথে দেখা করতে হবে।

© The Children's Hospital at Westmead, Sydney Children's Hospital, Randwick and Kaleidoscope Children, Young People and Families.